



ঢাকা, বুধবার, ৯ জানুয়ারী ২০১৩, ২৬ পৌষ ১৪১৯, ২৬ সফর ১৪৩৪

## অমিয়া মতিনের নতুন অ্যালবাম

স্টাফ রিপোর্টার : শিল্পী অমিয়া মতিনের নতুন একক অডিও অ্যালবাম আসছে ২০ ডিসেম্বর। স্বরলিপি নামের এই অ্যালবামটি প্রকাশ করছে লেজার ভিশন। দশটি গান দিয়ে সাজানো অ্যালবামের সুর ও সঙ্গীত পরিচালনা করেছেন বাসুদেব ঘোষ। বেশ কয়েকজন গীতিকার অ্যালবামের গানগুলো লিখেছেন। এটি শিল্পীর নবম অ্যালবাম। ২০ ডিসেম্বর সন্ধ্যায় বেইলি রোডের ক্যাফে থার্ড-থ্রি তে অ্যালবামটির মোড়ক উন্মোচন ও শিল্পীর কণ্ঠে সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছে। এছাড়া ডিসেম্বরের শেষের দিকে শিল্পীর আরো একটি একক ও একটি যৌথ অ্যালবাম বাজারে আসছে। যৌথ অ্যালবামটিতে কণ্ঠ দিয়েছেন রবীন্দ্রসঙ্গীত শিল্পী সাদী মোহাম্মদ। এর আগেও শিল্পী সুবীর নন্দীর সঙ্গে অমিয়া মতিনের একটি যৌথ অ্যালবাম প্রকাশিত হয়েছে। তার গাওয়া অন্য অ্যালবামগুলো নজরুল সঙ্গীত, আধুনিক ও মৌলিক গান মিলিয়ে।

অমিয়া মতিন ঢাকার নজরুল পরিষদ সঙ্গীত শিক্ষালয় ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব কলিম শরাফীর সঙ্গীত ভবনে নজরুল ও উচ্চাঙ্গ সঙ্গীতের প্রশিক্ষণ নিয়েছেন। এছাড়া গানের চর্চা করে আসছেন ছোটবেলা থেকেই।